# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৬০

৪৪/ ইলম (كتاب العلم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রাসূলুল্লাহ (ﷺ) এর প্রতি মিথ্যা আরোপ করার ভয়াবহতা।

باب مَا جَاءَ فِي تَعْظِيمِ الْكَذِبِ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُوسَى الْفَزَارِيُّ ابْنُ بِنْتِ السُّدِّيِّ، حَدَّثَنَا شَرِيكُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنْ مَنْصُورِ بْنِ الْمُعْتَمِرِ، عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تَكْذِبُوا عَلَىَّ فَإِنَّهُ مَنْ كَذَبَ عَلَىَّ يَلِجُ فِي النَّارِ " . وَفِي الْبَابِ عَنْ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَالزُّبَيْرِ وَسَعِيدِ بْنِ زَيْدٍ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَأَنَسٍ وَجَابِرٍ وَابْنِ عَبَّاسٍ وَأَبِي سَعِيدٍ وَعَمْرِو بْنِ عَبَسَةَ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ وَمُعَاوِيَةَ وَبُرَيْدَةَ وَأَبِي مُوسَى الْغَافِقِيِّ وَأَبِي أُمَامَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَالْمُنْقَعِ وَأَوْسٍ الثَّقَفِيِّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَلِيٍّ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ مَنْصُورُ بْنُ الْمُعْتَمِرِ أَثْبَتُ أَهْلِ الْكُوفَةِ . وَقَالَ وَكِيعٌ لَمْ يَكْذِبْ رِبْعِيُّ بْنُ حِرَاشٍ فِي الإِسْلاَمِ كِذْبَةً

বাংলা

২৬৬০. ইসমাঈল ইবন মূসা আল-ফাযারী ইবন বিনতিস্ সুদ্দী (রহঃ) ..... আলী ইবন আবী তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা আমার প্রতি মিথ্যারোপ করবে না। কেননা আমার প্রতি যে ব্যক্তি মিথ্যারোপ করবে সে জাহান্নামে দাখিল হবে।

সহীহ, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৬০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ বকর, উমর, উছমান, যুবায়র, সাঈদ ইবন যায়দ, আবদুল্লাহ্ ইবন আমর, আনাস, জাবির, ইবন আব্বাস, আবূ সাঈদ, আমর ইবন আবাসা, উকবা ইবন আমির, মুআবিয়া, বুরায়দা, আবূ মূসা, আবূ উমামা, আবদুল্লাহ্ ইবন আমর মুকান্না’ আওস ছাকাফী (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে।’

আলী ইবন আবী তালিব (রাঃ) বর্ণিত এই হাদীসটি হাসান-সহীহ। আবদুর রহমান ইবন মাহদী (রহঃ) বলেন, মানসূর ইবন মু’তামার (রহঃ) হলেন কুফাবাসীদের মধ্যে সবচেয়ে বেশী নির্ভরযোগ্য রাবী। ওয়াকী (রহঃ) বলেন,

রিবঈ ইবন খিরাশ ইসলাম অবস্থায় একটিও মিথ্যা বলেন নি।

## English

Narrated 'Ali bin Abi Talib:
that the Messenger of Allah (ﷺ) said: "Do not lie upon me, for indeed whoever lies upon me, he will be admitted into the Fire."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38013

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন